অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/13/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো মোবাইল অ্যাডিকশন ট্রিটমেন্ট সার্ভিস সম্প্রসারণ করতে প্রায় 853,000 মার্কিন ডলারের অনুদানের ঘোষণা দিয়েছেন

স্টেটের পাঁচটি অঞ্চলের সেবা প্রদানকারীদের তহবিল প্রদান

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট জুড়ে থাকা পাঁচটি অ্যাডিকশন ট্রিটমেন্ট সার্ভিস প্রদানকারীকে দ্বিতীয় দফায় 853,000 মার্কিন ডলারের তহবিল প্রদান করা হয়েছে যাতে তারা মোবাইল ট্রিটমেন্ট সংক্রান্ত বাহনগুলো ক্রয় করতে পারে এবং সেগুলো পরিচালনা করতে সক্ষম হয়। এই উদ্যোগের লক্ষ্য হচ্ছে স্টেটের পিছিয়ে পড়া অঞ্চলগুলোতে অ্যাডিকশন ট্রিটমেন্ট সার্ভিসের প্রাপ্যতা এবং প্রবেশাধিকার সম্প্রসারিত করা। তহবিল নিউ ইয়র্ক স্টেট অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports, OASAS) দ্বারা বরাদ্দ হচ্ছে এবং ফেডারেল স্টেট অপিওয়েড রেসপন্স গ্রান্ট (State Opioid Response Grant)-এর মাধ্যমে প্রদান করা হয়। এই তহবিলের প্রথম রাউন্ডে 972,000 মার্কিন ডলারেরও বেশি পুরস্কার প্রদান করা হয়, যার ফলে মোট প্রদত্ত পরিমাণ 1,825,000 মার্কিন ডলারেরও বেশি হয়।

"বর্তমান COVID-19 মহামারীর ফলে সৃষ্ট অনেক চ্যালেঞ্জ সত্ত্বেও, চলমান অপিওয়েড মহামারীর বিরুদ্ধে আমাদের লড়াইয়ে আমাদের সজাগ থাকতে হবে," **গভর্নর কুওমো বলেন।** "আসক্তি চিকিৎসা সেবার জন্য এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ নিশ্চিত করতে সাহায্য করবে যে আমরা পরিচর্যা প্রাপ্ত হওয়ার সুযোগ উন্নত করছি এবং সকল নিউ ইয়র্কবাসীদের চিকিৎসার চাহিদা পূরণ করছি, তারা যেখানেই থাকুক না কেন, অপিওয়েড মহামারীর প্রতি আমাদের উদ্ভাবনী এবং বহুমুখী দৃষ্টিভঙ্গি সমৃদ্ধ করার সাথে সাথে।"

"আসক্তির সাথে সংগ্রামকারী ব্যক্তি এবং পরিবারগুলিকে সাহায্য করার জন্য আমরা রাজ্য জুড়ে চিকিৎসা সেবায় বিনিয়োগ করতে প্রতিশ্রুতিবদ্ধ," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "মোবাইল ট্রিটমেন্ট সম্প্রসারণের জন্য এই তহবিল স্টেটের বঞ্চিতপ অঞ্চলগুলিতে প্রয়োজনীয় পরিচর্যা এবং সেবা ব্যবস্থায় গুরুত্বপূর্ণ প্রবেশাধিকার নিশ্চিত করতে সাহায্য করবে। বিশেষভাবে করে COVID-19 মহামারীর সময়, আমরা নিশ্চিত করতে চাই যে মানুষ যেন সুস্থ এবং নিরাপদ জীবন যাপন করতে পারে এবং সেইসাথে নিউ ইয়র্কে অপিওয়েড মহামারী মোকাবেলায় আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখতে চাই।"

বিগত কয়েক বছর ধরে, নিউ ইয়র্ক তার মোবাইল ট্রিটমেন্ট সক্ষমতা ব্যাপকভাবে প্রসারিত করেছে। 2017 সালে, স্টেট জুড়ে উচ্চ চাহিদা সম্পন্ন কাউন্টিগুলোতে সেবা প্রদানের জন্য সেন্টার্স অব ওপিওয়েড ট্রিটমেন্ট ইনোভেশন (Centers of Treatment Innovation) স্থাপন করেছে। আসক্তিতে আক্রান্ত ব্যক্তি, যারা পূর্বে চিকিৎসা সেবার আওতায় ছিলেন না বা চিরাচরিত চিকিৎসা পদ্ধতির মাধ্যমে যারা সুস্থ হতে পারেননি, তাদের সাথে যোগাযোগ স্থাপনের উপর COTI নজর দেয়। মোবাইল ট্রিটমেন্টসহ COTI সেবা, অপ্রচলিত উপায়ে 13,000 নিউ ইয়র্কবাসীরও বেশি জনকে চিকিৎসায় নিয়োজিত করতে সাহায্য করেছে এবং সরবরাহকারীদের পূর্বে অনগ্রসর থাকা এলাকাগুলোতে তাদের সেবাদান কার্যক্রম প্রসারিত করতে সাহায্য করেছে।

OASAS কমিশনার আর্লিন গঞ্জালেজ-সানচেজ বলেন, "যেখানে তারা আছেন সেখানে গিয়ে মানুষের সাথে সাক্ষাৎ আগের চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ এবং মোবাইল চিকিৎসা সেবা প্রদানের জন্য এই নতুন তহবিল নিউ ইয়র্কবাসীদের জন্য,যারা আসক্তির সাথে লড়াই করছেন, তাদের জীবন রক্ষাকারী সংস্থানের প্রবেশাধিকার সম্প্রসারণে সাহায্য করবে। অপিওয়েড সংকট মহামারীর সাথে মিলিত হয়ে আমাদের কাছে একটি উল্লেখযোগ্য সুযোগ প্রদান করেছে অনগ্রসর সম্প্রদায়ের কাছে আমাদের পৌঁছানোর জন্য এবং যারা পরিবহন বা অন্যান্য ব্যক্তিগত বা ভৌগলিক কারণে দূরে ভ্রমণ করতে অক্ষম, তাদের সাহায্য করার জন্য।"

নিউ ইয়র্ক স্টেটের সরবরাহকারীরা দুই ধরনের মোবাইল ট্রিটমেন্ট বাহন ব্যবহার করে:

> পরিবর্তিত ভ্যানসমূহ, ব্যক্তিগতভাবে বা একটি ছোট গ্রুপে কাউন্সেলিং সার্ভিস প্রদান করার জন্য এবং টেলি-প্রাকটিসের ক্ষমতা সহ সেবাদানের সক্ষমতা সহ।
> বাথরুম, পরীক্ষার জায়গা, টেলি-প্র্যাকটিসের সামর্থ্য এবং বহির্বিভাগের রোগীদের সামগ্রিক সেবা সরবরাহ করার সক্ষমতা সম্পন্ন পরিপূর্ণ "মোবাইল ক্লিনিক"।

তহবিল গ্রহণকারী প্রতিটি সরবরাহকারী তালিকাভুক্ত অঞ্চল জুড়ে সেবা প্রদান করবে।

সেন্ট্রাল নিউ ইয়র্ক

- সেন্ট লরেন্স কাউন্টি কমিউনিটি সার্ভিসেসঃ 225,000 মার্কিন ডলার

লং আইল্যান্ড

- আউটরিচ ডেভেলপমেন্ট কর্পোরেশনঃ 77,800 মার্কিন ডলার

মিড-হাডসন

- ব্রিজ ব্যাক টু লাইফ সেন্টার: 225,000 মার্কিন ডলার

ক্যাপিটাল রিজিয়ন

- প্রমেসা, ইনকর্পোরেটেড (Promesa, Inc.): 100,000 মার্কিন ডলার

নিউ ইয়র্ক সিটি

- প্রমেসা, ইনকর্পোরেটেড: 225,000 মার্কিন ডলার

পদগ্রহণের পর থেকে, গভর্নর কুওমো আফিমজাত দ্রব্যের মহামারী সমাধান করার জন্য একটি আক্রমণাত্মক, বহুমাত্রিক পথ বেছে নিয়েছেন এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবা সহ আসক্তি পরিচর্যার জন্য দেশের মধ্যে শীর্ষস্থানীয় অবস্থান নিয়েছেন। এই মহামারীর সাথে লড়াই করার জন্য, গভর্নর প্রথাগত সেবা সম্প্রসারিত করেছেন, যার মধ্যে রয়েছে সঙ্কটকালীন সেবা, ইনপেশেন্ট, আউটপেশেন্ট, আবাসিক চিকিৎসা প্রকল্প, ওষুধ প্রয়োগ সহযোগী চিকিৎসা, মোবাইল চিকিৎসা এবং পরিবহন সেবা।

2016 সালে, গভর্নর কুওমোর হেরোইন টাস্ক ফোর্স নতুন, প্রথাগত নয় এমন সেবা সুপারিশ করে, যার মধ্যে ছিল নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার সেবা এবং ওপেন অ্যাক্সেস সেন্টার যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবা প্রাপ্তির রেফারেল প্রদান করে। পরবর্তীতে এই সেবাগুলি স্টেটের বহু কমিউনিটিতে স্থাপন করা হয়েছে, এবং মানুষকে তাদের আবাসস্থলের কাছেই যাতে প্রয়োজনীয় সেবা পেতে সহায়তা করেছে।

প্রেসক্রাইবারদের প্রশিক্ষণ এবং শিক্ষার উন্নয়নে আইন প্রণয়ন, আফিমজাত প্রেসক্রিপশনের সময় 30 দিন থেকে সাত দিনে কমিয়ে আনতে আইন প্রণয়ন, সর্বোপরি বীমার সীমাবদ্ধতা দূর করার মাধ্যমে মেডিকেল বা সার্জিক্যাল সেবার আওতার সমতুল স্তরে এবং দ্রুততর চিকিৎসা লাভে মানুষকে সমর্থ করতে আইন প্রণয়নকারী এবং নিয়ন্ত্রণমূলক সংস্কারের জন্য গভর্নর অগ্রসর হয়েছেন। এছাড়াও রোগী নিয়ে দালালি এবং আসক্তির ভুয়া চিকিৎসার বিরুদ্ধেও গভর্নর কুওমো পদক্ষেপ নিয়েছেন।

এছাড়াও গভর্নর ন্যালোক্সনের প্রশিক্ষণ ও সহজলভ্যতা বৃদ্ধি করার জন্য কাজ করেছেন, যার ফলে নিউ ইয়র্ক স্টেটের 420,000 এরও বেশি মানুষ আফিমজাত ওভারডোজের বিপরীতকরণ ওষুধ নিয়ে প্রশিক্ষিত ও সজ্জিত হচ্ছেন। গভর্নর কুওমোর পদক্ষেপের কারণে, নিউ ইয়র্ক স্টেটের ফার্মেসিগুলি এখন প্রেসক্রিপশন ছাড়াই ন্যালোক্সন দিতে পারছে।

নিজে বা নিজের কোনো প্রিয়জন আসক্তিতে ভুগছে এমন পরিস্থিতিতে নিউ ইয়র্কের বাসিন্দারা সাহায্য ও প্রত্যাশা খুঁজে পেতে পারেন স্টেটের টোলমুক্ত হোপলাইন 1-877-8-HOPENY (1-877-846-7369)-এ ফোন করে বা HOPENY (সংক্ষিপ্ত কোড 467369)- এ টেক্সটবার্তা পাঠিয়ে, লাইনটি সপ্তাহে 7 দিন এবং দিন-রাত 24 ঘন্টা খোলা থাকবে।

FindAddictionTreatment.ny.gov এ নিউ ইয়র্ক স্টেটের অ্যালকোহলিজম ও মাদকদ্রব্য অপব্যবহার সার্ভিসেস অফিস-এর চিকিৎসা প্রাপ্তি ড্যাশবোর্ড ব্যবহার করে অথবা NYS OASAS-এর ওয়েবসাইট

এর মাধ্যমে সঙ্কট/ডিটক্স, ইনপেশেন্ট, কমিউনিটির বাসিন্দা বা আউটপেশেন্টের যত্নসহ আসক্তির চিকিৎসা পাওয়া যাবে।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন